



ARK টিন্ডাল প্রাইমারি আকাদেমি

মা বাবা ও তত্ত্বাবধানকারীর জন্য তথ্য



দর্শন

আমরা ARK টিন্ডাল প্রাইমারি আকাদেমিতে প্রতিটি শিশুর নিহিত ক্ষমতায় বিশ্বাসী এবং এমন একটি স্কুল গড়ে তোলার চেষ্টা করব যা প্রতিটি শিক্ষার্থীকে জীবনের যথাসম্ভব উৎকৃষ্ট সূচনা এবং শিক্ষাগত উৎকর্ষতার চরমে পৌঁছানোয় অনুপ্রেরণা দেয়। আমরা আমাদের সব শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয়ের জন্য প্রস্তুত করতে চাই এবং অবিরাম জ্ঞান আহরণ করায় তাদের উৎসাহী করে তুলতে আগ্রহী।

প্রতিশ্রুতি

সব শিশুর কাছ থেকে প্রত্যাশা করা হয় সে স্কুলের প্রতিশ্রুতি মনেপ্রাণে শিখে নেবে। তাদের প্রতিদিন নিয়মিত এই কথাগুলি বলতে হবে:

“ভালো, সেরা, সর্বশ্রেষ্ঠ, একই লক্ষ্যে মন নিবিষ্ট।”

মূল্যবোধ - ASPIRE

আমরা যা যা করি তার মূলে আছে আমাদের স্কুলের এই মূল্যবোধ:

অ্যাচিভমেন্ট অর্থাৎ কৃতিত্ব

স্কলারশিপ অর্থাৎ ব্যুৎপত্তি

পারসিভিয়েন্স অর্থাৎ অধ্যবসায়

ইন্টিগ্রিটি অর্থাৎ সততা

রেসপনসিবিলিটি অর্থাৎ দায়িত্বজ্ঞান

এনথুসিয়াস্ম অর্থাৎ উৎসাহ

স্কুলের দিন

ইয়ার 6-এ আমন্ত্রণ:

সকাল 8.35 টায় স্কুলের দরজা খোলা হয়। ঘন্টা না বাজা পর্যন্ত ছাত্রছাত্রীদের স্কুলের খেলার মাঠে অপেক্ষা করতে বলা হয়, সকাল 8.55 এ ঘন্টা বাজলে বোঝা যায় যা তাদের ক্লাসের লাইনে গিয়ে সারিবদ্ধ হতে হবে। ক্লাস টীচার নিঃশব্দে ছাত্রছাত্রীদের নিয়ে বিন্ডিংএ প্রবেশ করবেন। যেসব ছাত্রছাত্রী সকাল 8.55টার পরে এসে উপস্থিত হবে তাদের বিলম্ব হয়েছে বলে চিহ্নিত করা হবে; কোন ছাত্র বারংবার দেরী করে স্কুলে পৌঁছালে তার বিরুদ্ধে পদক্ষেপ নেওয়া হবে।



ARK টিন্ডাল প্রাইমারি আকাদেমি মা বাবা ও তত্ত্বাবধানকারীর জন্য তথ্য



দিনের শেষে, বিকাল 3.25 টায় আবার দরজায় খোলা হয়। বিকাল 3.30 টার সময় ছাত্রছাত্রীরা স্কুল থেকে বাইরে আসবে, ততক্ষণ মা বাবা/তত্ত্বাবধানকারীকে খেলার মাঠে অপেক্ষা করতে বলা মা বাবা/তত্ত্বাবধানকারী নিজেদের ছেলেমেয়েদের সংগ্রহ করে নিলে সে কথা হয়। মা বাবা/তত্ত্বাবধানকারী ছেলেমেয়েদের নিয়ে যাওয়ার সময় ক্লাস টীচারকে জানিয়ে দেওয়া দরকার।

নার্সারি:

সকালের সত্র 8.55 থেকে 11.55 টা পর্যন্ত চলে

দুপুরের সত্র 12.35 থেকে 3.30 টা পর্যন্ত চলে

স্কুলের আগে বা পরে মা বাবা ও তত্ত্বাবধানকারী নিজেদের সন্তানের ক্লাস টীচারের সাথে সংক্ষেপে জিজ্ঞাসাবাদ করতে পারেন। আরো বেশী সময়ের জন্য বা পৃথক মিটিং এর প্রয়োজন হলে তাদের অ্যাপয়েন্টমেন্ট নিতে হবে। যদি মা বাবা ও তত্ত্বাবধানকারী নিজের সন্তানের ক্লাস টীচার ছাড়া কর্মীদের অন্য কোন সদস্যের সাথে দেখা করতে চান তাহলে স্কুলের অফিসের মাধ্যমে তার অ্যাপয়েন্টমেন্ট নিয়ে নিতে হবে।

স্কুলের খাবার

রিসেপসন থেকে ইয়ার 6 পর্যন্ত সব ছেলেমেয়েরা লাঞ্চের সময় স্কুলে থাকবে বলে আশা করা হয়। ছেলেমেয়েরা স্কুলের দেওয়া লাঞ্চ খেতে পারে বা বাড়ি থেকে লাঞ্চ নিয়ে আসতে পারে। কোন মা বাবা ও তত্ত্বাবধানকারী বিশেষ আয়োজন করতে চাইলে তাদের কর্মীদের একজন বরিষ্ঠ সদস্যের সাথে আলোচনা করে নিতে হবে; কেবলমাত্র ব্যতিক্রমী পরিস্থিতিতে এ ব্যাপারে অনুমতি দেওয়া হয়।

বর্তমান দাম এইপ্রকার:

রিসেপসন থেকে ইয়ার 6 পর্যন্ত শিশুদের জন্য প্রতি দিন £1.90 প্রতি সপ্তাহে £9.50

যদি মা বাবা ও তত্ত্বাবধানকারী কোন বেনিফিট অর্থাৎ সুবিধা পান তাহলে তাদের সন্তান স্কুল থেকে বিনামূল্যে খাবার পেতে পারে। মা বাবা ও তত্ত্বাবধানকারীকে একটি দাবির ফর্ম পূরণ করে বেনিফিটের প্রমাণসমেত স্কুলের অফিসে নিয়ে আসতে বলা হবে।

পারিতোষিক

অসাধারণ আচরণ, উপস্থিতি এবং সময়ানুবর্তিতার জন্য ছেলেমেয়েরা পারিতোষিক পাবে। এছাড়া ASPIRE-এর কোন একটি মূল্যবোধ অনুসরণ করছে দেখা গেলেও তাদের পুরস্কৃত করা হবে; এইগুলি স্কুল উৎসবের অ্যাসেম্বলিতে প্রতি সপ্তাহে দেওয়া হবে, সেখানে মা বাবা ও তত্ত্বাবধানকারীকেও আমন্ত্রণ জানানো হবে।



ARK টিন্ডাল প্রাইমারি আকাদেমি মা বাবা ও তহাবধানকারীর জন্য তথ্য



সব ছেলেমেয়েদের কাছ থেকে আশা করা হয় যে তারা স্কুলের নিয়মকানুন অনুসরণ করবে এবং আচরণে যা প্রত্যাশা করা হয় তা পূরণ করবে। যদি কোন ছেলেমেয়ে অভদ্র আচরণ করে তাহলে, যেমন উপযুক্ত সেইমত, আকাদেমির পলিসিমত, শাস্তি দেওয়া হবে।

পাঠ্যক্রম ও বাড়িতে শেখা

ARK টিন্ডাল প্রাইমারি আকাদেমিতে আমরা ব্যাপক ও সামঞ্জস্যপূর্ণ পাঠ্যক্রম দিই। ছেলেমেয়েরা যা শিখবে সেইসব বিষয়ের সাথে জড়িত ভ্রমণ ও অতিথি সমাগম সমেত তাদের বিবিধ অভিজ্ঞতাসমৃদ্ধ করে তোলা হবে। নিয়মিত মূল্যায়ন দ্বারা এবং ব্যক্তিগতভাবে সাহায্য করার মাধ্যমে প্রতিটি শিক্ষার্থীকে পৃথকভাবে এইসব শিক্ষা দেওয়া হবে। হোম লার্নিং অর্থাৎ বাড়িতে শেখার একটি কঠোর কর্মসূচি আছে, আমরা আশা করি মা বাবা তাদের সন্তানদের যথাসম্ভব ক্ষমতানুসারে নিজ নিজ কাজগুলি করে সময়মত স্কুলে ফেরত দেওয়ার ব্যাপারে সাহায্য করবেন। হোম লার্নিং-এ ক্লাসে শেখা বিষয়গুলির সাথে জড়িত বিভিন্ন কাজ যেমন শব্দ সংক্রান্ত, পঠন, বানান, লেখা, নামতা ও গণিতের অন্যান্য অঙ্কের মত কাজকর্ম থাকবে।